



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং-৮৬৪/ক/অনু:/২০১৭/৮৯৯


তারিখ: ২৭/১০/১৭

বিষয়: অধ্যক্ষ বিকাশ চন্দ্র বসুকে অব্যহতি প্রসঙ্গে।

সূত্র: ভারপ্রাপ্ত অধ্যক্ষের ২৭/০৭/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার কালুখালী উপজেলাধীন 'নূর নেছা কলেজ'-এ ভারপ্রাপ্ত অধ্যক্ষ তার আবেদনের সাথে প্রেরিত তথ্যে উল্লেখ করেছেন অধ্যক্ষ বিকাশ চন্দ্র বসুর বয়স ৬০ বছরের উর্ধ্বে, তিনি ড. কাজী মোতাহার হোসেন কলেজ হতে গত ০১/০৭/২০১৪ তারিখে অবসর গ্রহণ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০১.২০১৫.২৪৫ তারিখ ১২/০৬/২০১৮ মোতাবেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারা অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ও সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দিতে পারবে না। উল্লেখ্য ১১/০৬/২০১৯ তারিখে নব গঠিত নির্বাহী কমিটি আপনাকে অব্যহতি প্রদান করে এবং পরবর্তী অধ্যক্ষ নিয়োগ না দেয়া পর্যন্ত প্রতিষ্ঠানের জৈষ্ঠ শিক্ষক অর্পনা শারমীনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পন করেন। এ বিষয়ে লিখিত বক্তব্য জানাতে পত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ০৭ কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
২৬.১০.১৭

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ বিকাশ চন্দ্র বসুকে

নূর নেছা কলেজ {EIIN-138576}

কালুখালী, রাজবাড়ী।